

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা।

[Fax-9341076, Web-www.cbc.gov.bd, E-mail-bondcomdhk@gmail.com]

আদেশ

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব জনাব কাজী নাসিম এহসান এ দপ্তরের ভাইবার গ্রুপে 'কোভিড-১৯' পজিটিভ রিপোর্ট আপলোড করায় তার সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হবার বিষয়টি এ দপ্তর অবহিত হয়েছে। সে প্রেক্ষিতে আক্রান্ত কর্মকর্তার ব্যক্তিগত স্বাস্থ্য এবং এ দপ্তরে কর্মরতদের স্বাস্থ্যগত সুরক্ষাসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের জনস্বাস্থ্য বিবেচনায় নিয়ে বিএসআর, পার্ট-১ এর বিধি-১৮৬ মোতাবেক ০৭/০৪/২০২১ খ্রিস্টাব্দ তারিখ হতে উক্ত আক্রান্ত কর্মকর্তার অনুকূলে ১৪(চৌদ্দ) দিনের সংগনিরোধ ছুটি (Quarantine Leave) মঞ্জুর করা হলো। মঞ্জুরকৃত এ ছুটির মেয়াদ সমাপনান্তে উক্ত ব্যাধি হতে মুক্ত হওয়া সংক্রান্ত প্রতিবেদন দাখিল সাপেক্ষে তিনি কাজে যোগদান করবেন। অন্যথায়, ছুটির মেয়াদ বৃদ্ধির বিষয় পরবর্তীতে বিবেচনা করা যাবে। উক্ত ছুটিকে দাপ্তরিক কর্মকাল হিসেবে গণ্য করা হবে। উক্ত সময়ে তিনি সরকারী নির্দেশনা মোতাবেক যথাস্থানে অবস্থান নিশ্চিত করে প্রয়োজ্য স্বাস্থ্যবিধি পরিপালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ

[কাঞ্চন রানী দত্ত]
উপকমিশনার
কমিশনারের পক্ষে।

প্রাপক : জনাব কাজী নাসিম এহসান
সহকারী রাজস্ব কর্মকর্তা
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

নথি নং-২(৭)৮২/বন্ড কমি:/আদেশ/২০১৯/৪৫৫৮ ()

তারিখ : ১১/০৪/২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
২. যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা [ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
৪. বিভাগীয় কর্মকর্তা (ইউপি-২ শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা [উক্ত কর্মকর্তার স্থলে কর্মকর্তা মনোনয়নপূর্বক কার্যক্রম চলমান রাখার অনুরোধসহ]।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৬. জনাব কাজী নাসিম এহসান, সহকারী রাজস্ব কর্মকর্তা এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণ।
৭. পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

১১/০৪/২০২১

[কাঞ্চন রানী দত্ত]

উপকমিশনার